রেজিঃ/এডিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শৃঙ্খলা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬১.২০২০- ৪৫০

তারিখঃ ০৩/১১/২০২১ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- ০৬১/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মোসাঃ নাজমা বেগম, পিতাঃ মোঃ নুরুল ইসলাম, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর (সাবেক কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা) এর বিরুদ্ধে সিভিল সার্জন অফিস, ভোলা এর ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখের সি,এস/ভোলা/২০২০/১০২১ নং স্মারকে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি ২৩/০৭/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় ভর্তিকৃত রোগী জনাব শাহানাজ এর ডিএনসি করার সময় রোগীর জরায়ু ছিদ্র করে খাদ্যনালী বের করে নিয়ে আসেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে অভিযোগ তদন্ত করার জন্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত অভিযোগ সত্য প্রমাণিত হয় মর্মে উল্লেখ করা হয়;

৩। যেহেতু, আপনাকে এ অধিদপ্তরের গত ১৫/১১/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬১.২০২০.২২৭ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয় এবং আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন ;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে গত ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখে ৪৫.০০০০.০০৭.২৭.২৬১.২০২০.৮২ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ০৬/০৭/২০২১ খ্রি তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে অভিযোগটি প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ আছে;

৬। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ " এর আওতাভুক্ত অপরাধ;

৭। সেহেতু, আপনি জনাব মোসা: নাজমা বেগম, পিতা- মোঃ নুরুল ইসলাম , সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর (সাবেক কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা) কে ''অসদাচরণ" এর দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব ০৩ (তিন) সেট নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করিতে ইচ্ছুক কিনা, তা জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, সে অভিযোগ বিবরণীর ০১(এক) কপি অত্রসাথ সংযুক্ত করা হলো।

০৩/১১/২১
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

<u>প্রাপকঃ</u>
জনাব মোসা: নাজমা বেগম
সিনিয়র স্টাফ নার্স

<u>১। কর্মস্থলের ঠিকানাঃ</u>
জনাব মোসা: নাজমা বেগম
সিনিয়র স্টাফ নার্স
পিতাঃ মোঃ নুরুল ইসলাম
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর ।

O/c

<u>২। স্থায়ী ঠিকানাঃ</u>
জনাব মোসা: নাজমা বেগম
পিতাঃ মোঃ নুরুল ইসলাম
গ্রাম- বাথান বাড়ী, পোঃ- দরুন বাজার
থানা- বোরহানউদ্দিন, জেলা- ভোলা।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬১.২০২০- ৪৫০/১(১১)                                   তারিখঃ ০৩/১১/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, বোরহানউদ্দিন, ভোলা।
৩। সিভিল সার্জন, লক্ষ্মীপুর।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর।
৬। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, বোরহানউদ্দিন, ভোলা।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, লক্ষ্মীপুর।।
৮। উপপরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৯। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা।
১০। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩/১১/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২- ৪১০৮০৮১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শৃঙ্খলা শাখা
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

**অভিযোগ বিবরণী**

জনাব মোসাঃ নাজমা বেগম, পিতাঃ মোঃ নুরুল ইসলাম, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা এ কর্মরত থাকা অবস্থায় গত ২৩/০৭/২০২০ খ্রিঃ দুপুর ১২.৩০ ঘটিকায় ভর্তিকৃত রোগী জনাব শাহানাজ এর ডিএনসি করার সময় রোগীর জরায়ু ছিদ্র করে খাদ্যনালী বের করে নিয়ে আসেন। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ " এর আওতাভুক্ত অপরাধ।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শৃঙ্খলা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৬.২১- ৪৫৩ তারিখঃ ০৪/১১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

আপনি শারমিন আক্তার, পিতাঃ আবুল কালাম, মিডওয়াইফ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ এর বিরুদ্ধে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানিয়েছেন যে, একজন মহিলা রোগী (পেরিনিয়াল টিয়ার) চিকিৎসা নিতে গত ১২/১০/২০২১ খ্রিঃ তারিখে আউটডোরে আসেন। আপনি কর্মরত গাইনি কনসালট্যান্টকে রোগী না দেখিয়ে নিজে রিপেয়ার করে দেওয়ার জন্য রোগীর আত্মীয়ের কাছে পরিচ্ছন্নতা কর্মী সাফিয়া খাতুনের মাধ্যমে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা দাবি করেন। এতে রাজী না হওয়ায় ৪০০০/-(চার হাজার) টাকায় রফা করার চেষ্টা করেন যা রোগীর লোকেরা ভিডিও করে রাখেন । এ বিষয়ে রোগীর আত্মীয়দের অভিযোগের ভিত্তিতে জিজ্ঞাসাবাদ করা হলে বিষয়টি মৌখিকভাবে স্বীকার করলেও পরবর্তীতে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কৈফিয়ত তলব করা হলে লিখিত জবাবে আপনি অভিযোগ অস্বীকার করেন।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

৪।১১।২১
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০১৭

শারমিন আক্তার
পিতাঃ আবুল কালাম
মিডওয়াইফ
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ।

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৬.২১- ৪৫৩/১(৭) তারিখঃ ০৪/১১/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে
১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। সিভিল সার্জন, মানিকগঞ্জ ।
৩। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ ।
৪। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, মানিকগঞ্জ।
৫। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ ।
৬। উপপরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪।১১।২১
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর